দৈনিক বাংলা

তারিখ ২৫/১১/৭৯
পৃষ্ঠা ১১ কলাম ৬

# তিস্তা প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ

(নিজস্ব সংবাদদাতা)

রংপুর, ২৩শে নবেম্বর।—তিস্তা বাঁধ প্রকল্পটি এবার বাস্তবায়িত হতে চলেছে বলে বিশ্বস্তসূত্রে জানা গেছে। প্রকল্পে মোট ব্যয় হবে ৫৩ কোটি টাকা। প্রেসিডেন্ট জিয়াউর রহমান প্রকল্পের বাস্তবায়ন কাজের আনুষ্ঠানিক ঘোষণার জন্য ২৭শে নবেম্বর রংপুর সফরে আসছেন।

প্রেসিডেন্ট তিস্তা বাঁধ প্রকল্পের মূল এলাকা দালিয়া ও পরিদর্শন করতে পারেন। উল্লেখ করা যেতে পারে যে প্রকল্পের প্রথম পর্যায়ে ১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। প্রকল্পে রংপুর, দিনাজপুর ও বগুড়া জেলার প্রায় ১৮ লাখ একর জমিতে পানি সেচের ব্যবস্থা রাখা হয়েছে। প্রকল্পটি পুরোপুরি বাস্তবায়িত হলে উত্তরাঞ্চলীয় জেলাগুলো দেশের শস্যভাণ্ডারে পরিণত হবে।